চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

০৩ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

অংকুর সোসাইটি বালিকা উচ্চ বিদ্যালয় এস এস সি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করলেন মাননীয় মেয়র

০৩ ফেব্রুয়ারিদ ২০১৮খ্রি শনিবার, সকালে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন অংকুর সোসাইটি বালিকা উচ্চ বিদ্যালয় এস এস সি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। মেয়র পরীক্ষা কেন্দ্রে ঘুরে ঘুরে দেখেন। এসময় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর যথাক্রমে সচিব প্রফেসর শওকত আলম (চেয়ারম্যান এর চলতি দায়িত্ব), কলেজ পরিদর্শক সুমন বড়ুয়া, বিদ্যালয় পরিদর্শক কাজী নাজিমুল ইসলাম, কেন্দ্র সচিব ও প্রধান শিক্ষক লিলি বড়ুয়া এবং জেলা শিক্ষা অফিস চট্টগ্রাম এর সহকারী পরিদর্শক সাব্বির আহাম্মেদ উপস্থিত ছিলেন।

০৩ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

চান্দগাঁও ওয়ার্ড আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক এনামুল হক এর মৃত্যুতে মাননীয় মেয়রের শোক

মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন চান্দগাঁও ওয়ার্ড আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক এনামুল হক এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। তিনি ৩ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. শনিবার, এক শোক বার্তায় মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন ও শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

০৩ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

নিষ্পাপ অটিজম ফাউন্ডেশনের ব্যবস্থাপনায় এবং তরী ফাউন্ডেশন এইমসল্যাব, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে মৌখিকভাবে যোগাযোগে পিছিয়ে থাকা অটিজম ও এনডিডি বৈশিষ্ট্য শিশুদের যোগাযোগের দক্ষতা উন্নয়নে ডিজিটাল ডিভাইস এর ব্যবহার শীর্ষক কর্মশালায় মাননীয় মেয়র

মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, বর্তমান তথ্য প্রযুক্তির যুগে মৌখিকভাবে যোগাযোগ একটি গুরুত্বপূর্ণ বিষয়। যোগাযোগ বৈকল্য বিষয়ে শিক্ষা ও গবেষনা না হলে মানুষ ও সমাজের মাঝে উন্নতি সৃষ্টি করা যাবে না। যোগাযোগ এর উন্নতি না হলে সমাজ ও দেশ এগিয়ে যাবে না। অটিজম একটি ব্যক্তি সমস্যা। এ সমস্যা পরিবার, সমাজকে প্রভাবিত করে। শিক্ষক সহ সমাজের সকলের সামাজিক দায়বদ্ধতা থেকে কাজ করার সুযোগ রয়েছে। যোগাযোগের মাধ্যমে মানুষ নিজেকে প্রকাশ করে। তাই উন্নত সমাজ ও দেশের জন্য কাজ করার আশাবাদ ব্যক্ত করেন মেয়র। মাননীয় মেয়র আরো বলেন, হতাশার মাঝেও আশার আলো দেখতে হবে। কিছু লোক আজ বিপদগামী হয়েছে। সন্তানদের সন্ত্রাস এর কবল থেকে রক্ষা করতে হলে যোগাযোগ স্বাস্থ্যের সাথে সাথে সামাজিক স্বাস্থ্যের জন্যও কাজ করতে হবে। মেয়র আ জ ম নাছির উদ্দিন বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াজেদ পুতুল সারা বিশ্বের অটিষ্টিক শিশুদের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। ০৩ ফেব্রুয়ারি ২০১৮খ্রি শনিবার, সকালে নগরভবনের কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে নিষ্পাপ অটিজম ফাউন্ডেশনের ব্যবস্থাপনায় এবং তরী ফাউন্ডেশন এইমসল্যাব, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির যৌথ উদ্যোগে মৌখিকভাবে যোগাযোগে পিছিয়ে থাকা অটিজম ও এনডিডি বৈশিষ্ট্য শিশুদের যোগাযোগের দক্ষতা উন্নয়নে ডিজিটাল ডিভাইস এর ব্যবহার শীর্ষক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মেয়র এসব কথা বলেন। কর্মশালায় সভাপতিত্ব করেন নিষ্পাপ অটিজম ফাউন্ডেশনের নির্বাহী সভাপতি অধ্যাপক ডা. বাসনা মুহুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সহযোগী অধ্যাপক ও এইমস ল্যাব পরিচালক ড. খন্দকার আবদুল্লাহ আল

মামুন, তরী ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক আশফাক উল কবির, মিসেস মারুফা হোসেন, সুজিত কুমার দত্ত, প্রকৌশলী বিপ্লব দাশ, প্রকৌশলী অসিম বড়–য়া, অধ্যক্ষ সোমা চক্রবর্তী, মাসিস আরা টগর, অধ্যক্ষ তাহমিনা জেরিন, মীর মেশকাতুন নুর শেফু, অধক্ষ চুমকি চক্রবর্তী। দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালায় প্রয়াস, আশার আলো, ড্রিম ষ্টার, প্রেরনা, মাতৃ¯েœহ, সুইড চট্টগ্রাম, মা ও শিশু হাসপাতাল, লার্নিং ট্রি, একে খান সিআরপি, ড্রিমস্ ওয়েভার, প্রোভেল স্কুলের শিক্ষক শিশিক্ষা ও অভিভাবক অংশগ্রহণ করেন। দিনব্যাপী কর্মশালা পরিচালনা করেন প্রকৌশলী ঝুলন কুমার দাশ। কর্মশালায় প্রজেক্টরের মাধ্যমে “বলতে চাই” অটিজম বিষয়ক এ্যাপস্ প্রদর্শন করা হয়।

০৩ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

দেওয়ান বাজার ছাত্রলীগ এর সাবেক সভাপতি ও চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের সাবেক সদস্য মেজবাহ উর রহমানের শোক সভায় মেয়র

মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, মেজবাহ উর রহমান ছিলেন সৎ চরিত্রের অধিকারী এবং আদর্শের প্রতি অবিচল। তিনি নির্লোভ ও নিঃস্বার্থ ত্যাগী কর্মী ছিলেন । মেয়র বলেন তিনি বঙ্গবন্ধুর আদর্শকে বুকে ধারন করে সমাজের অবেহেলিত মানুষের পাশে দাঁড়িয়ে মানুষের সেবা করেছেন । তিনি বর্তমান ছাত্রলীগ নেতৃবৃন্দকে মেজবাহর আদর্শকে অনুসরন করে ছাত্রলীগকে আরো গতিশীল করার আহবান জানান। সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন মেজবাহর তিন ছেলের লেখাপড়ার দায়িত্ব গ্রহন এবং তার স্ত্রীকে চাকরী দেয়ার ঘোষনা দেন এবং পরিবারের সদস্যদের সাথে দেখা করে তাদের প্রতি সমবেদনা জানান। ০২ ফেব্রুয়ারি ২০১৮খ্রি শুক্রবার, সন্ধ্যায় দেওয়ানবাজার সি এন্ড বি কলোনী মাঠে চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের প্রাক্তন নেতৃবৃন্দের উদ্যোগে দেওয়ান বাজার ছাত্রলীগ এর সাবেক সভাপতি ও চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের সাবেক সদস্য মেজবাহ উর রহমানের শোক সভায় মেয়র এসব কথা বলেন। চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের সাবেক সভাপতি ও জাতীয় শ্রমিকলীগ কেন্দ্রীয় কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক আলহাজ্ব সফর আলীর সভাপতিত্বে এবং ছাত্রলীগের সাবেক সাধারন সম্পাদক, মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও প্যানেল মেয়র চৌধুরী

হাসান মাহমুদ হাসনীর সঞ্চালনায় বক্তব্য রাখেন সাবেক ছাত্রনেতা ও মহানগর আওয়ামীলীগের সহ সভাপতি আলতাফ হোসেন বাচ্চু, উপদেষ্টা শেখ মাহমুদ ইসহাক,সাবেক ছাত্রনেতা রুপালী ব্যাংকের পরিচালক আবু সুফিয়ান, মহানগর আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, সাবেক ছাত্রনেতা ও চট্টগ্রাম মহানগর জাতীয় শ্রমিকলীগের সভাপতি বখতিয়ার উদ্দীন খান, মোহাম্মদ ঈসা, দেওয়ানবাজার আওয়ামীলীগের প্রাক্তন সাধারণ সম্পাদক এ কে এম আবু বক্কর, সাবেক ছাত্রনেতা রফিকুল ইসলাম বাচ্চু, জি এম সাহাবুদ্দিন কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব,সাবেক ছাত্রনেতা রায়হান ইউসুফ, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আন্জুমান আরা বেগম,দেওয়ানবাজার ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি পেয়ার মোহাম্মদ, জামালখান ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোর্শেদুল আলম,মোহাম্মদ ফিরোজ,মোহাম্মদ আলমগীর, দাউদ আবদুল্লাহ লিটনসহ অন্যান্য নেতৃবৃন্দ ।অনুষ্ঠান শুরুর আগে বাদে আছর মরহুমের আত্মার মাগফেরাত কামনায় খতমে কোরআন ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয় ।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা